

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
১৩ নং শহীদ ক্যাপ্টেন মনসুর আলি সরগি
মৎস্য ভবন, রমনা, ঢাকা।
www.fisheries.gov.bd

পত্র নং-৩৩.০২.০০০০.১২৪.২৫.০২৯.১৬- ৫১১

তারিখঃ ১০/১০/২০১৮

অফিস আদেশ

মৎস্য ও মৎস্যপন্য (পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ) বিধিমালা/১৯৯৭ (২০০৮, ২০১৪ ও ২০১৭ সালে সংশোধিত) এর বিধি-৩ এর ক্ষমতা বলে মাঠ পর্যায়ে উপজেলা, জেলা ও বিভাগীয় মৎস্য কর্মকর্তাদের মাননিয়ন্ত্রণ বিধিমালা অনুসারে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য নিম্নলিখিত বিধিসমূহের বিধানাবলী বাস্তবায়ন করার ক্ষমতা অর্পণ করা হলোঃ

- ১। বিধি-৪(১) বাস্তবায়ন করার ক্ষেত্রে কেউ উক্ত বিধি লংঘন করলে বিধি-৪(২) অনুসারে ব্যবস্থা গ্রহণের ক্ষমতা।
- ২। বিধি-৪ এর উপবিধি (৩), (৪), (৫) এবং (৬) বাস্তবায়নের ক্ষমতা।
- ৩। বিধি-৫ এর উপবিধি- (২), (৩) ও (৪) বাস্তবায়নের ক্ষমতা।
- ৪। বিধি-৫ এর উপবিধি (৭) ভংগ করলে উপবিধি (৮) অনুসারে এবং উপবিধি (১২) ভংগ করলে উপবিধি (১৫) অনুসারে ব্যবস্থা গ্রহণের ক্ষমতা।
- ৫। বিধি-৬ অনুসারে মৎস্য চাষের ক্ষেত্রে তফসিল ১৭, অভ্যন্তরীণ বাজারে মৎস্য বাজারজাতকরণের ক্ষেত্রে তফসিল-১৮, পরিবহনের ক্ষেত্রে তফসিল-৫, মৎস্য অবতরণ কেন্দ্র, সার্ভিস সেন্টার এবং মৎস্য আড়তের ক্ষেত্রে তফসিল-৬ ও ৭ বরফকলের ক্ষেত্রে তফসিল-৮, ১০ এর কার্যক্রম পরিচালনা।
- ৬। বিধি-৯ উপবিধি (১) অনুসারে মাছ পরিবহনকারী যে কোন যান, মৎস্য চাষ খামার, হ্যাচারী, মৎস্য অবতরণ কেন্দ্র, সার্ভিস সেন্টার, আড়ত নিয়মিত পরিদর্শনকরণ এবং বিধি ৯(২) অনুযায়ী কার্যক্রম গ্রহণ।
- ৭। বিধি-৯ এর উপবিধি (৩) অনুসারে জরিমানা করার ক্ষমতা।
- ৮। বিধি- ১৪ ও ১৫ অনুসারে অভ্যন্তরীণ বাজারে মৎস্য সরবরাহ, রপ্তানির উদ্দেশ্যে কারখানা ও ডিপোতে মৎস্য সরবরাহ, নার্সারিতে পোনা চাষ, যেরে মৎস্য চাষ এবং বরফ কলে বরফ উৎপাদন কার্যক্রম পরিচালনার জন্য লাইসেন্স প্রদানের সুপারিশ করা।
- ৯। বিধি-২০ এর উপবিধি-(১) অনুসারে জরিমানার অর্থ সরকারী কোষাগারে জমা প্রদান করা।
- ১০। বিধি- ২১ এর উপবিধি (১) ও (২) বাস্তবায়নের ক্ষমতা।

এখানে উল্লেখ্য যে, মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ মৎস্য চাষ হতে শুরু করে হ্যাচারী, নার্সারী, ডিপো, আড়ত, মৎস্য সরবরাহকারীর কার্যক্রম, বরফ কল এর কার্যক্রমসমূহ তদারকী ও বাস্তবায়ন করবেন। লাইসেন্স প্রদানের ক্ষেত্রে তফসিলে বর্ণিত সুযোগ সুবিধাসমূহ বিদ্যমান থাকলে উপ-পরিচালক, মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ এর নিকট সুপারিশ প্রেরণ করবেন। এই আদেশ ১৭-১০-২০১৮ খ্রি. তারিখ হতে পরবর্তী ৩ (তিন) মাসের জন্য বলবৎ থাকবে। ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাগণ অর্পিত ক্ষমতা বাস্তবায়ন পরবর্তী অগ্রগতির প্রতিবেদন নিয়মিতভাবে প্রতিমাসের ৩০ তারিখের মধ্যে উপ-পরিচালক, মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ দপ্তরে দাখিল করতে এবং মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ দপ্তরের উপ-পরিচালকগণকে উক্ত প্রতিবেদন একীভূত করে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ দপ্তর, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা-এ প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

(আবু সাঈদ মোঃ রাশেদুল হক)
মহাপরিচালক (চ. দা.)
ফোন-০২-৯৫৬২৮৬১

ই-মেইল-dg@fisheries.gov.bd

পত্র নং-৩৩.০২.০০০০.১২৪.২৫.০২৯.১৬- ৫১১

তারিখঃ ১০/১০/২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। বিভাগীয় উপ-পরিচালক,.....বিভাগ.....।
- ৩। জেলা প্রশাসক,.....।
- ৪। উপ-পরিচালক, মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ দপ্তর, ঢাকা/খুলনা/চট্টগ্রাম।
- ৫। জেলা মৎস্য কর্মকর্তা,.....।
- ৬। সিনিয়র সহকারী পরিচালক, আইসিটি, মৎস্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হ'ল।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার,.....।
- ৮। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/উপজেলা মৎস্য কর্মকর্তা,.....।
- ৯। দপ্তর নথি।

(ড. মোহাম্মদ মাকসুদুল হক ভূঁইয়া)

সহকারী পরিচালক

মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ

ফোন: ০২-৯৫৬৯৯৪৩

ই-মেইল: maqueshudul_bau@yahoo.com